

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ ডিসেম্বর ২০২২ খ্রি.

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

অবৈধভাবে ফুটপাথ ও রাস্তা দখল করে ব্যবসা পরিচালনার

দায়ে ৯ ব্যক্তিকে ৩৪ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর এক্সেস রোড ও শেখ মুজিব রোডের উভয় পার্শ্বের রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করার দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন পরিচালিত অপর অভিযানে নগরীর ডবলমুরিং থানাধীন ডি টি রোডস্থ মনছুরাবাদ এলাকার রাস্তা ও ফুটপাথ দখল করে ব্যবসা করার দায়ে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৪ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেট গণকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩